



Government of West Bengal

Office of the Principal



# Chandernagore College

formerly College Duplex

Strand Road, Chandannagore, Hooghly, West Bengal, India, Pin-712136  
Website : www.chandernagorecollege.ac.in, Mail : office@chandernagorecollege.ac.in  
Mob. : 91-74396 03177, Tel. : 91-33-26835290

ISO 9001:2015, ISO 14001:2015 and ISO 50001:2018 Certified Institution

প্রেস নোট

০১.০৭.২০২৪

গত ২৫-২৬ জুন, ২০২৪ চন্দননগর মহাবিদ্যালয়ে National Assessment and Accreditation Council (NAAC) এর মূল্যায়নকারী দলের সদস্যরা উপস্থিত হয়েছিলেন। চন্দননগর মহাবিদ্যালয় (১৮৬২) তৃতীয় দফার (NAAC) মূল্যায়নে ৩.৪৬ মান সহ A+ গ্রেড পেয়েছে। **সর্বভারতীয় স্তরে, ১৯৯৪ সালে এই মূল্যায়ন শুরু হওয়ার পর, এটিই এখন পর্যন্ত আমাদের রাজ্যে কোন সরকারী কলেজের সর্বাধিক গ্রেড নম্বর।** বিগত দুটি দফায়, ২০০৭ এবং ২০১৬ সালে, এই মহাবিদ্যালয় B++ গ্রেড পেয়েছিল। **সর্বভারতীয় স্তরে AISHE নথিভুক্ত প্রায় পঞ্চাশ হাজার কলেজের মধ্যে ১% এর ও কম কিছু কলেজ এখন পর্যন্ত A+গ্রেড পেয়েছে।**

ফরাসী আমলে তৈরী একটি প্রাথমিক বিদ্যালয় থেকে ক্রমবিবর্তনের পথে নানা ধাপ অতিক্রম করে কলেজ দুপ্পে প্রতিষ্ঠিত হয় ১৯০১ সালে। পরবর্তীকালে ১৯৪৮ সালে ঐ কলেজের নামকরণ হয় চন্দননগর মহাবিদ্যালয়। বিপ্লবী আন্দোলনের সাথে যুক্ত থাকার কারণে দীর্ঘ ২৩ বছর (১৯০৮-১৯৩১) বন্ধ ছিল এই প্রতিষ্ঠান। ১৯৫৪ সালের ২রা অক্টোবর থেকে এই মহাবিদ্যালয়, পশ্চিমবঙ্গ সরকারের উচ্চ শিক্ষা দপ্তরের পরিচালনাধীন। বর্তমানে এই প্রতিষ্ঠানে ১৯টি বিভাগে স্নাতক স্তরের ও ৩টি বিভাগে স্নাতকোত্তর স্তরের পঠনপাঠন চলছে। কলেজের ঐতিহ্যবাহী, প্রায় দুশ বছরের বেশী প্রাচীন, ভবনে বিপ্লবীদের স্মৃতির প্রতি উৎসর্গীকৃত **চন্দননগর কলেজ মিউজিয়াম** প্রতিষ্ঠিত হয় ২০২৩ সালে। বর্তমানে নানা বিদ্যালয়, মহাবিদ্যালয়ের ছাত্র-ছাত্রী সহ বহু দেশী-বিদেশী পর্যটকদের কাছে অন্যতম দ্রষ্টব্য স্থান হয়ে উঠেছে এই মিউজিয়াম।

অধ্যক্ষ

চন্দননগর মহাবিদ্যালয়